



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

MC
17697



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৬২১৯১/৬১২৬ /কক্সবাজার-১৯

তারিখঃ ২০.০৮.২০১৯খ্রি.

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

১) সূত্র : নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৬২১৯১/৩০৭১/কক্সবাজার-১৯; তারিখ: ০৯/০৪/২০১৯ খ্রি.

২) সূত্র : নং-০৫.২০.২২১৬.০০৩.০৫.০৫.২০১৯-১০২৬; তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন আজমনগর মজিদিয়া দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনৈক মোহাম্মদ ওসমানুর রহমান গং একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসাটির ভারপ্রাপ্ত সুপার ও প্রিজাইডিং অফিসারের যোগ-সাজসে অনিয়মের মাধ্যমে তাদের মনপূত ব্যক্তি কে সভাপতি পদে মনোনয়ন দেওয়া হয় মর্মে অভিযোগে উল্লেখ করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে একখানা প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার চকরিয়া, কক্সবাজারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় নিয়ম অনুযায়ী প্রিজাইডিং অফিসার তথা উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সুপার ম্যানেজিং কমিটির পরিপত্র অনুযায়ী যথাযথভাবে নির্বাচন করেছেন এবং ০৭ দিনের মধ্যে সভাপতি নির্বাচন সম্পন্ন করা হয়েছে। ফলে অভিযোগকারীর অভিযোগ বিষয়ে তদন্ত কর্মকর্তা কোন সত্যতা খুঁজে পাননি মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন। আরও উল্লেখ করেন সম্পূর্ণ বিষয়টির সাথে মাদ্রাসার ইবতেদায়ী শাখার সহকারী শিক্ষক জনাব নেজাম উদ্দিন অভিযোগকারীকে প্ররোচনা দিচ্ছেন বলে প্রমাণিত হয়।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীদের অভিযোগ প্রমাণিত না হওয়ায় এবং মাদ্রাসার ইবতেদায়ী শাখার সহকারী শিক্ষক জনাব নেজাম উদ্দিন অভিযোগকারীকে প্ররোচনা দিচ্ছেন বলে প্রমাণিত হওয়ায় কেন অভিযুক্ত সহকারী শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে না তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

জনাব নেজাম উদ্দিন (সহকারী শিক্ষক)
আজমনগর মজিদিয়া দাখিল মাদ্রাসা,
(ইবতেদায়ী শাখা), বদরখালী, চকরিয়া, কক্সবাজার

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৬২১৯১/

/কক্সবাজার-১৯

তারিখঃ .০৮.২০১৯খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কক্সবাজার।
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
৩. উপজেলা নির্বাহী অফিসার চকরিয়া, কক্সবাজার।
৪. সুপার/সভাপতি, আজমনগর মজিদিয়া দাখিল মাদ্রাসা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪